

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮০৫

আগরতলা, ০৭ ফেব্রুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান ৬.০

আগামীকাল রাজ্যভিত্তিক অভিযানের সূচনা

আগামীকাল সিপাহীজলা জেলার বিশালগড় নিউ টাউনহলে রাজ্যভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান ৬.০ অনুষ্ঠানের সূচনা হবে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা:) মানিক সাহা এই অভিযানের সূচনা করবেন। এই অভিযানে ৯-২২ ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান ৬.০ কর্মসূচিতে ১ থেকে ১৯ বছরের ১১ লক্ষ ৩৬ হাজার ছেলেমেয়ে ও কিশোর-কিশোরীদের ওষুধ খাওয়ানো হবে। একই সাথে রাজ্যে প্রাপ্ত বয়স্কদের বিসিজি (যক্ষ্মা প্রতিরোধক) টিকাকরণের সমীক্ষার কাজ শুরু হবে।

রাজ্যে শিশু-কিশোর-কিশোরীর জনস্বাস্থ্য কর্মসূচির সঠিক বাস্তবায়নের লক্ষ্যে ২০২১ সালের সেপ্টেম্বর মাসে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযানের সূচনা হয়েছিল। অল্পে কৃমি সংক্রমণ, ভিটামিন-এ-র অভাব, শৈশবে ডায়রিয়া এবং আয়রণ ও ফলিক অ্যাসিডের অভাব মানুষের স্বাস্থ্যের জন্য একটি উদ্বেগজনক বিষয়। এসব ঘাটতি শিশুর পুষ্টি গ্রহণে বাধাসৃষ্টি করে এবং শিশু-কিশোর-কিশোরীরা অপুষ্টি ও রক্তাল্পতায় ভোগে। সেইসঙ্গে তাদের শিক্ষাগত, শারীরিক ও মানসিক বিকাশও ব্যাহত হয়। শিশু-কিশোর-কিশোরীদের সুস্থ রাখতে, তাদের পুষ্টির বিকাশ, শারীরিক ও জ্ঞানগত ক্ষমতার বিকাশ এবং শূন্য থেকে ১৯ বছর বয়সের মধ্যে কিশোর-কিশোরীদের রক্তাল্পতা নিয়ন্ত্রণ করাই মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব-সুস্থ কৈশোর অভিযান-এর উদ্দেশ্য। নিয়মিত কৃমিনাশক ওষুধ সেবন, ভিটামিন-এ, ওআরএস ও জিঙ্ক, আইএফএ পরিপূরক গ্রহণ করলে শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত হবে। সেইসঙ্গে শিশু ও কিশোর কিশোরীদের পুষ্টি, সামগ্রিক বিকাশ এবং জীবনমান উন্নত হবে। জাতীয় স্বাস্থ্য মিশনের ত্রিপুরা শাখা থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
